

## ক্যাটাগরি / কোটা সুবিধা প্রাপ্তির জন্য করণীয়

- \* কোটার জন্য আবেদনকৃত প্রার্থী ব্যতীত অন্যান্য সকল প্রার্থীগণ জেনারেল (সাধারণ প্রার্থী) হিসেবে গণ্য হবে।
- \* জেনারেল (সাধারণ প্রার্থী) প্রার্থীগণ অনলাইনের মাধ্যমে নিজে অথবা ই-বুথে উপস্থিত হয়ে আবেদন ফরম পূরণ করতে পারবেন।
- \* জেনারেল এবং সামরিক প্রার্থীগণ ব্যতীত মুক্তিযোদ্ধা, উপজাতি, এমওডি এবং কলেজ ক্যাম্পাস কোটার প্রার্থীগণ কোটা সুবিধা প্রাপ্তির জন্য অবশ্যই যে কোন ক্যাডেট কলেজে অবস্থিত ই-বুথ অথবা ঢাকা আর্মি স্টেডিয়ামে অবস্থিত ই-বুথে উপস্থিত উপযুক্ত নথিপত্র উপস্থাপনের মাধ্যমে ফরম পূরণ ও কোটা পূরণ করতে হবে।
- \* সামরিক কোটার প্রার্থীগণ অনলাইনের মাধ্যমে নিজে আবেদন ফরম পূরণ এবং নিজস্ব সার্ভিস আইডি কার্ড/অবসর এর নথিপত্র আপলোড করতঃ কোটা পূরণ করতে পারবেন। এ ক্ষেত্রে আবেদনের পর পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে এডমিন কর্তৃক কোটার অনুমোদন প্রদান করা হবে। কোটার অনুমোদন প্রদান করার পূর্ব পর্যন্ত এবং কোটা অনুমোদিত না হলে উক্ত আবেদন ফরমটি জেনারেল হিসেবে গণ্য হবে। এছাড়াও স্থাপিত ই-বুথসমূহে উপস্থিত হয়ে সম্পূর্ণ আবেদন পূরণ ও সরাসরি কোটা সুবিধা ভোগ করতে পারবেন।
- \* কোটা সংক্রান্ত অন্যান্য তথ্যাদি নিম্নরূপ:

ক্র/নং	কোটা	সুবিধা প্রাপ্তির জন্য যোগ্যতা	কোটা প্রার্থীর জন্য প্রয়োজনীয় অতিরিক্ত কাগজপত্র	মন্তব্য
ক।	মুক্তিযোদ্ধা	মুক্তিযোদ্ধার সন্তান অথবা দৌহিত্র/পৌত্র।	১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/দাদা/ দাদী/নানা/নানীর মুক্তিযোদ্ধার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি। ২। প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা সনদপত্র প্রাপ্ত ব্যক্তির সুনির্দিষ্ট সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্র।	১। কোটা সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে অবশ্যই যে কোন ক্যাডেট কলেজ অথবা ঢাকা আর্মি স্টেডিয়ামে স্থাপিত 'E-booth Outlet' এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। ২। বিজ্ঞপ্তির স্তবক ৭ ও ৮ এ উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রার্থীর ছবি (Soft Copy আকারে) সঙ্গে আনতে হবে।
খ।	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (উপজাতি)	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (উপজাতি) সম্প্রদায়ের সন্তান।	পিতা/মাতার নাগরিকত্ব উল্লেখপূর্বক প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদানকৃত।	
গ।	প্রতিরক্ষা মন্ত্রণালয় (এমওডি)	শুধুমাত্র প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দপ্তরে (গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭) কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগণের সন্তান	১। পিতা/মাতার ব্যক্তিগত (সার্ভিস আইডি) পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি। ২। চাকুরীর স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।	
ঘ।	সামরিক	কর্মরত অথবা অবসর প্রাপ্ত শুধুমাত্র সেনা, নৌ এবং বিমানবাহিনীর অফিসার, জেসিও, এএফএনএস এবং অন্যান্য পদবীর সৈনিকদের সন্তান।	<b>কর্মরত</b> ১। পিতা/মাতার ব্যক্তিগত (সার্ভিস ID) পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি। ২। চাকুরীর স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র। <b>অবসরপ্রাপ্ত</b> পিতা/মাতার পেনশন/খালাসি বইয়ের সত্যায়িত ফটোকপি/জেলা সশস্ত্র বাহিনী বোর্ড কর্তৃক প্রদত্ত সনদপত্র।	সামরিক বাহিনীতে (সেনা/নৌ/বিমানবাহিনী) কর্মরত সদস্যগণ তাদের সার্ভিস আইডি কার্ড এর স্ক্যান্ড কপি আপলোডের মাধ্যমে সরাসরি সামরিক কোটা সুবিধাটি নিতে পারবেন। শুধুমাত্র অবসরপ্রাপ্ত সামরিক সদস্যদের ক্ষেত্রে স্ব স্ব রেকর্ডস এর প্রত্যয়নপত্র/ খালাসী বইয়ের স্ক্যান্ড কপি (রেকর্ডস এর সীল ও স্বাক্ষর সম্বলিত) আপলোডের মাধ্যমে কোটা সুবিধা সরাসরি নিতে পারবেন।
ঙ।	ক্যাম্পাস (ক্যাডেট কলেজ)	ক্যাডেট কলেজে কর্মরত সদস্যের সন্তান (সশস্ত্রবাহিনীর সদস্য ব্যতীত)।	পিতা/মাতার চাকুরীর স্বপক্ষে কলেজ অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/আইডি কার্ড।	প্রত্যয়নপত্র/কলেজ আইডি কার্ডের স্ক্যান্ড কপি আপলোডের মাধ্যমে ক্যাম্পাস কোটা সুবিধাটি সরাসরি নিতে পারবেন।